



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-১১৩/

৩০৮২

তারিখঃ ১২.০৫.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ স্ব-শরীরে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ পূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান প্রসঙ্গে।**

- সূত্রঃ
- ১) নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-১১৩/৩০৪১; তারিখঃ ২০.০১.২০১৯খ্রিঃ
  - ২) নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-১১৩/৩০০১; তারিখঃ ২২.১১.২০১৮খ্রিঃ
  - ৩) নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-১১৩/২৮৬৩; তারিখঃ ১৭.০৪.২০১৮খ্রিঃ
  - ৪) স্মারক নং- ০৫.২০.১৯০০.০২১.১১.০০৮.২০১৮-২১৭; তারিখঃ ১৮/০৩/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার চান্দিনা উপজেলাধীন বরকরই পীর মঞ্জিল দাখিল মাদ্রাসায় সহকারী সুপার মোঃ আবদুল মতিন কাজী এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের বিষয়ে তদন্ত করে জেলা প্রশাসক, কুমিল্লা কর্তৃক সূত্রে উল্লিখিত ৪নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করা হয়। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সহকারী সুপার মোঃ আবদুল মতিন কাজী এর চাকুরীর মেয়াদ ২০১৬ সালে উত্তীর্ণ হওয়ার পরও তাকে চাকরিতে বহাল রেখে তার নামে সরকারী বেতন ভাতা উত্তোলন, ম্যানেজিং কমিটি কর্তৃক সুপার পদে মোঃ সফিকুল ইসলাম বহাল থাকাবস্থায় ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব দেয়া ও মোঃ আবদুল মতিন কাজী কর্তৃক দায়িত্ব নেয়া সম্পূর্ণ আইন বহির্ভূত মর্মে উল্লেখ করা হয়।

প্রতিবেদনের আলোকে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার (সহকারী সুপার জনাব মোঃ আবদুল মতিন) এর বিরুদ্ধে কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে কারণ দর্শানো পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সহ সুপার মোঃ আবদুল মতিন কাজী কর্তৃক যে জবাব দাখিল করা হয়, তা সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি। উক্ত জবাবে সুপার থাকাবস্থায় ম্যানেজিং কমিটি কর্তৃক ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব দেয়া এবং মোঃ আবদুল মতিন কাজী কর্তৃক দায়িত্ব নেয়ার বিষয়ে কোন বক্তব্য উল্লেখ করা হয়নি। সুপার থাকাবস্থায় ম্যানেজিং কমিটি কর্তৃক ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব দেয়া ও মোঃ আবদুল মতিন কাজী কর্তৃক দায়িত্ব নেয়ার বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা (সমর্থনীয় কাগজপত্রসহ) দাখিল করার জন্য সূত্রোক্ত ২নং স্মারকে পুনরায় পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে যে জবাব দাখিল করা হয় তাও সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি।

পরবর্তীতে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে সভাপতি, সুপার মোঃ সফিকুল ইসলাম ও ভারপ্রাপ্ত সুপার মোঃ আবদুল মতিনকে ২৪.০১.২০১৯খ্রিঃ তারিখে স্ব-শরীরে বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ পূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সুপার মোঃ সফিকুল ইসলাম ও ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ আবদুল মতিন শুনানীতে অংশগ্রহণ করেন এবং তাদের স্ব স্ব দাবীর পক্ষে লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন, কিন্তু সভাপতি শুনানীতে উপস্থিত হননি।

ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ আবদুল মতিন শুনানীকালে সুপার মোঃ সফিকুল ইসলামকে লিখিতভাবে দায়িত্ব হস্তান্তর করেন এবং পক্ষদ্বয় ভবিষ্যতে মাদ্রাসাটি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার স্বার্থে মিলেমিশে থাকবেন এবং কেউ কারো সাথে কোন প্রকার বিরূপ আচরণ করবেন না মর্মে লিখিতভাবে অঙ্গীকার করেন। এছাড়া শুনানীকালে সুপার মোঃ সফিকুল ইসলামকে সাময়িক বরখাস্ত/চূড়ান্ত বরখাস্ত বিষয়ক কোন কাগজপত্র ভারপ্রাপ্ত সুপার উপস্থাপন করতে পারেননি।

বর্ণিত অবস্থায় জনাব মোঃ আবদুল মতিন এর ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্ব গ্রহণ বিধি মোতাবেক না হওয়ায় এবং জনাব মোঃ সফিকুল ইসলাম এর বিরুদ্ধে বরখাস্ত সংক্রান্ত কোন পদক্ষেপ গ্রহণ না করায় কুমিল্লা জেলার চান্দিনা উপজেলাধীন বরকরই পীর মঞ্জিল দাখিল মাদ্রাসার সুপার হিসেবে জনাব মোঃ সফিকুল ইসলাম বহাল রয়েছেন মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ  সভাপতি, বরকরই পীর মঞ্জিল দাখিল মাদ্রাসা, চান্দিনা, কুমিল্লা।

২) জনাব মোঃ সফিকুল ইসলাম, সুপার, বরকরই পীর মঞ্জিল দাখিল মাদ্রাসা, চান্দিনা, কুমিল্লা।

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-১১৩/

তারিখঃ ০৫.২০১৯খ্রিঃ

**সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:**

১. জেলা প্রশাসক, কুমিল্লা।
২. উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা, কুমিল্লা।
৩. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৪. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগ্রনী ব্যাংক লিঃ..... শাখা, চান্দিনা, কুমিল্লা।
৫. সদস্যবৃন্দ, বরকরই পীর মঞ্জিল দাখিল মাদ্রাসা, চান্দিনা, কুমিল্লা।
৬. জনাব মোঃ আবদুল মতিন কাজী, সহকারী সুপার, বরকরই পীর মঞ্জিল দাখিল মাদ্রাসা, চান্দিনা, কুমিল্লা।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪